

তসলিমার জন্য দু'কলম...

অনন্ত বিজয় দাশ

এখনও হায়েনার দল দাবড়িয়ে বেড়ায় মর্ত্যের এপার-ওপার
হাতে নাঙ্গা তলোয়ার, চোখে-মুখে লোলুপ কামের ছড়াছড়ি।
কথিত সমাজসচেতন লেপের নীচে ওম নিচ্ছে জ্ঞানের
তথ্যের কচকচানিতে বিগব্যাং থেকে মানববিবর্তন, বিশ্বদর্শন পাঠ শেষ।
শ্বাপদেরা আলেকজান্দ্রিয়া থেকে নালন্দা তছনছ করে বার্তা ছড়ায় হুকাহুয়া
বুজুর্গরা ফুঁ দিচ্ছে কলমে, রক্ত ঝাড়াচ্ছে নাঙ্গা তলোয়ার।

পূর্ব থেকে পশ্চিম, উত্তর থেকে দক্ষিণ ফতোয়ার উঁচু বেড়া
ভাঙতে গেলেই ধড় থেকে মস্তক বিছিন্ন, শান্ত্রিসেপাই-বিচারক থেকে মিডিয়াম্যান প্রস্তুত।
তবুও আঙুন জ্বলছে কোথাও না কোথাও, জ্বালছে কেউ না কেউ
পুড়িয়ে দিবে পুঁজে-দুর্গন্ধে ভরা "পবিত্র" সবপ্রথা।
হাইপেসিয়া থেকে মেরি, সিমোন দ্য বোভোয়ার থেকে রোকেয়া
জয়তু তসলিমা, সালাম তোমাকে লাল সালাম।

-০-

যোগাযোগ : ananta@inbox.com